যুগান্তর

তারিখ 26 JUL 2017
পৃষ্ঠা ৭ কলাম ৩

# ববিতে ভিসির অপসারণ দাবিতে বিক্ষোভ অব্যাহত

**বরিশাল ব্যুরো**

বরিশাল বিশ্ববিদ্যালয়ের (ববি) ভিসি ড. এসএম ইমামুল হকের অপসারণসহ ২২ দফা দাবি আদায়ের লক্ষ্যে মঙ্গলবার তৃতীয় দিনের মতো বিক্ষোভ করেছেন শিক্ষার্থীরা। তারা ক্লাস-পরীক্ষা বর্জন করে একাডেমিক ভবনে তালা ঝুলিয়ে অবস্থান ও বিক্ষোভ কর্মসূচি পালন করেছেন। মঙ্গলবার তারা সকাল ৮টা থেকে দুপুর ১টা পর্যন্ত এ বিক্ষোভ কর্মসূচি পালন করেন। তাছাড়া ভিসির ব্যর্থতা তুলে ধরে 'ব্যর্থতার ২+ বছর' দেয়াল পত্রিকা টানানো হয়েছে।

বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ও ছাত্রলীগ কর্মী সাজ্জাদুল করিম বলেন, 'মঙ্গলবার ২২ দফা দাবি ঘোষণা করেছি আমরা। নিয়োগ প্রক্রিয়ায় মুক্তিযোদ্ধা কোটা নিশ্চিতকরণ ও ভিসিকে অপসারণসহ যতদিন দাবিগুলো না মানা হবে ততদিন এ আন্দোলন অব্যাহত থাকবে।' বিশ্ববিদ্যালয় প্রশাসনিক সূত্রে জানা গেছে, বর্তমান পরিস্থিতি নিয়ে সিন্ডিকেটের একটি সভা হয়েছে। এছাড়া ক্যাম্পাসে কোনো ধরনের অপ্রীতিকর পরিস্থিতি এড়াতে বিপুলসংখ্যক পুলিশ মোতায়েন করা হয়েছে। পুলিশ মোতায়েনের বিষয়টির সত্যতা নিশ্চিত করেন মেট্রোপলিটন পুলিশের সহকারী কমিশনার মো. নাসির উদ্দিন মল্লিক। উল্লেখ্য, বরিশাল বিশ্ববিদ্যালয়ে ৪১ কর্মকর্তা-কর্মচারী নিয়োগের প্রক্রিয়ায় মুক্তিযোদ্ধা কোটা না থাকায় ভিসিবিরোধী আন্দোলন শুরু করে মুক্তিযোদ্ধা সংসদসহ বেশ কয়েকটি সংগঠন। একই ইস্যুতে বরিশাল বিশ্ববিদ্যালয়ের ছাত্রলীগ নেতাকর্মীরা ২৩ জুলাই থেকে ভিসিকে অপসারণের দাবিতে লাগাতার আন্দোলন শুরু করেন।

**ভিসির 'ব্যর্থতার ২+ বছর' দেয়াল পত্রিকা :** এদিকে ভিসির অপসারণের দাবিতে আন্দোলনরত শিক্ষার্থীরা প্রতিবাদী দেয়াল লিখন প্রকাশ করেছে। ভিসির নানান কর্মকাণ্ড তুলে ধরে 'ব্যর্থতার ২+ বছর' শিরোনামে ওই দেয়াল পত্রিকা বিশ্ববিদ্যালয়ের প্রবেশ পথে টানিয়ে দেয়া হয়েছে। বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা-কর্মচারী ও শিক্ষার্থীরা জানান, যোগদানের পর থেকে ভিসি কয়েকজনকে নিয়ে একটি বলয় তৈরি করেন। তারা নানান বিতর্কিত কর্মকাণ্ড করেছেন। শিক্ষার্থীরা কোনো দাবি নিয়ে গেলে তা পূরণ হয়নি। কর্মকর্তা-কর্মচারীদের সবসময় হুমকি দেন। এসবের ধারাবাহিকতায় ভিসির কর্মকাণ্ড তুলে ধরে দেয়াল পত্রিকা প্রকাশ করা হয়েছে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
সিস্টেম ম্যানেজার
সিনিয়র সিস্টেম এনালিস্ট
প্রশাসনিক কর্মকর্তা
স্বাক্ষর